গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ১১৮ /২০১৮ তারিখ ঃ ২৮/০৬/২০১৮ খ্রিঃ।

**বিষয় ঃ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ (শিক্ষানবিস) পদে নিয়োগপ্রাপ্ত এবং জেলা জজশীপে পদায়নকৃত জনাবা দেবী রানী রায়, সহকারী জজ (শিক্ষানবিস)-কে বিচারিক দায়িত্বে নিয়োজিতকরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১ এর গত ১৫ ই ফেব্রুয়ারী, ২০১৮ খিস্ট্রাব্দ/০৩ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ তারিখের ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.১১২ নং প্রজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত প্রজ্ঞাপন মোতাবেক বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ (শিক্ষানবিস) পদে নিয়োগপ্রাপ্ত ০৫ জন সহকারী জজ (শিক্ষানবিস)-কে রংপুর জেলা জজশীপে পদায়ন করা হয়। উক্ত প্রজ্ঞাপনের ২(ক) অনুচ্ছেদে বর্ণিতমতে গত ২৯/০৫/২০১৮ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট সহকারী জজ (শিক্ষানবিস)-গণের ০৩ মাস মেয়াদে প্রশিক্ষণকাল সমাপ্ত হওয়ায় গত ৩০/০৫/২০১৮ খ্রিঃ তারিখে ০৩ জন সহকারী জজ (শিক্ষানবিস) কে মেধাক্রমের ভিত্তিতে বিচারিক দায়িত্বে নিয়োজিত করা হয়। রংপুর জেলা জজশীপে সহকারী জজের পদ শূণ্য না থাকায় অপর ০২ জন সহকারী জজ (শিক্ষানবিস)দ্বয়কে পূনরাদেশ না দেওয়া পর্যন্ত যথারীতি প্রশিক্ষণে নিয়োজিত থাকার নির্দেশ প্রদান করা হয়।

ইতোমধ্যে বদলীজনিত কারণে রংপুর জেলা জজশীপে সিনিয়র সহকারী জজ এর ০১ টি পদ শূণ্য হওয়ায় মেধাক্রমের ভিত্তিতে জনাবা দেবী রানী রায়, সহকারী জজ (শিক্ষানবিস), মেধাক্রম ১৪৬ তম-কে তাহার নামের পার্শ্বে বর্ণিত সহকারী জজ আদালতে বিচারিক দায়িত্বে নিয়োজিত করা হইল।

সহকারী জজের পদ শূণ্য না থাকায় পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত জনাব মোঃ ওমর ফারুক, সহকারী জজ (শিক্ষানবিস), মেধাক্রম ঃ ১৬১ তম কে আপাততঃ বিচারিক দায়িত্বে নিয়োজিত করা গেল না। তিনি যথারীতি প্রশিক্ষণে নিয়োজিত থাকিবেন।

| ক্রমিক নং | সহকারী জজ (শিক্ষানবিস) এর নাম | নিযুক্তীয় আদালত |
|---|---|---|
| ১। | জনাবা দেবী রানী রায়<br>সহকারী জজ, রংপুর। | সিনিয়র সহকারী জজ আদালত<br>পীরগাছা, রংপুর। |

এই আদেশ আগামী ০১/০৭/২০১৮ খ্রিঃ তারিখ হইতে কার্যকরী হইবে।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
( এ,বি,এম নিজামুল হক )
জেলা জজ, রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং ঃ ২৫৫(১২)/২০১৮ তারিখ ঃ ২৮/০৬/২০১৮ খ্রিঃ।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ**

১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। চেয়ারম্যান (যুগ্ম জেলা ও দায়রা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি, রংপুর।
২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৩। জনাবা দেবী রানী রায়, সহকারী জজ (শিক্ষানবিস), রংপুর।
৪। সিনিয়র সহকারী জজ আদালত, পীরগাছা, রংপুর।
৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৬। বিজ্ঞ সভাপতি/সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, রংপুর।
৭। ম্যানেজার, সোনালী ব্যাংক, কাচারী বাজার শাখা, রংপুর।
৮। আদেশ বহি/অফিস ফাইল।

২৮/০৬/১৮

( এ,বি,এম নিজামুল হক )
জেলা জজ, রংপুর।